গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৯৩ তারিখ: ২২ আশ্বিন ১৪২৭
০৭ অক্টোবর ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**০৭ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ**

রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, সিলেট, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্রগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহে উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**০৭ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থা:** মৌসুমী বায়ুর অক্ষ বিহার, উড়িষ্যা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে উত্তর-পূর্ব আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারী অবস্থায় বিরাজ করছে।

**পূর্বাভাস:** রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, খুলনা ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবনতা হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.৫ | ৩১.৬ | ৩৩.৫ | ৩১.৫ | ৩৫.০ | ৩১.৬ | ৩৪.০ | ৩২.৭ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৫ | ২৪.২ | ২৪.৬ | ২৪.০ | ২৪.৫ | ২৪.৬ | ২৫.৬ | ২৫.৩ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৫.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সিলেট ২৪.০° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা ।

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকা ব্যতীত সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| বৃদ্ধি | ৩৪ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | **০১** |
| হ্রাস | ৬১ | **বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা** | **০১** |
| অপরিবর্তিত | ০৬ | - | - |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/০৭ অক্টোবর ২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| ক্রঃ নং | জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| • | বগুড়া | চক রহিমপুর | করতোয়া | ২০.৬৯ | -১২ | ২০.১৫ | +৫৪ |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

**বৃষ্টিপাতের তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| মহেশখোলা | ২৮৩.০ | দুর্গাপুর | ১৫৫.০ | ছাতক | ১৩০.০ |
| সুনামগঞ্জ | ১২৮.০ | নাকুয়াগাঁও | ১১০.০ | নওগাঁ | ৮৪.০ |
| শ্রীমঙ্গল | ৬৮.০ | লরেরগড় | ৬০.০ | দেওয়ানগঞ্জ | ৬০.০ |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

## সাম্প্রতিক বন্যায় বিভিন্ন জেলায় মানবিক সহায়তা হিসেবে বরাদ্দ নিম্নরূপঃ

সাম্প্রতিক অতিবৃষ্টির কারণে সৃষ্ট বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে নিম্নবর্ণিত ছক মোতাবেক বর্ণিত জেলাসমূহের নামের পার্শ্বে উল্লিখিত পরিমান ত্রাণ কার্য (নগদ), শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা), গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা), শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট/বস্তা) সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে  অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছেঃ

| ক্রঃ নং | জেলার নাম | ত্রাণ কার্য (নগদ) বরাদ্দের পরিমান | শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা) | গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা) | শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট/বস্তা) | তাবু (পিস) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কুড়িগ্রাম | - | | | ২,০০০ (দুই জাহার) | - |
| ০২ | টাঙ্গাইল | - | | | ২,০০০ (দুই জাহার) | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | সিরাজগঞ্জ | - | | | ২,০০০ (দুই জাহার) | - |
| ০৪ | সাতক্ষীরা | - | | | ২,০০০ (দুই জাহার) | ১০০০ |
| ০৫ | জামালপুর | - | | | ২,০০০ (দুই জাহার) | - |
| ০৬ | সুনামগঞ্জ | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) | | | - | - |
| ০৭ | রংপুর | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) | | | ২,০০০ (দুই হাজার) | - |
| ০৮ | নওগাঁ | - | | | ২,০০০ (দুই হাজার) | - |
| ০৯ | গাইবান্ধা | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১,০০০ (এক হাজার) | - |
| ১০ | নাটোর | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ২,০০০ (দুই হাজার) | - |
| | মোট | ২০,০০,০০০ (বিশ লক্ষ) | ২,০০,০০০/- (দুই লক্ষ) | ২,০০,০০০/- (দুই লক্ষ) | ১৭,০০০ (সতের হাজার) | ১০০০ (এক হাজার) |

<u>সূত্রঃ</u>
ত্রাণ কর্মসূচী-১ শাখা,  দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

## বজ্রপাতঃ

**১। হবিগঞ্জঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং-৫১.০১.৩৬০০.০০০.১৪.০২৫.১৮-২৪০ ; তারিখঃ ০৬/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, বর্ণিত জেলায় আজমিরীগঞ্জ উপজেলায় বজ্রপাতে ০২ (দুই) জন ব্যক্তি নিহত হন। নিহত ব্যক্তির তথ্য নিম্নরূপঃ

**টেবিলঃ ক (নিহত ব্যক্তির তালিকা)**

| ক্রঃ নং | উপজেলার নাম | নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা | ঘটনার তারিখ | কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | আজমিরীগঞ্জ | নাম- শুভরাজ (১২), পিতা- মোঃ সেবুল মিয়া, গ্রাম- ইছবপুর বাজার হাটি, ইউনিয়ন- ৩নং জলসুখা, উপজেলা- আজমিরীগঞ্জ, জেলা- হবিগঞ্জ | ০৬/১০/২০২০ খ্রিঃ | হাওরে মাছ ধরার সময় বজ্রপাতে নিহত | কোন আর্থিক সহায়তা প্রদান করা হয়নি। |
| ২ | | নাম- মোঃ মজলিস মিয়া (৪০), পিতা- নুর মোহাম্মদ, গ্রাম- ইছবপুর, ইউনিয়ন- ৩নং জলসুখা, উপজেলা- আজমিরীগঞ্জ, জেলা- হবিগঞ্জ | | | |

## <u>অগ্নিকান্ডের তথ্যঃ</u>

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ০৫ অক্টোবর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৬ অক্টোবর ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত

সারাদেশে মোট **১১** টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকাণ্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ২ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ৪ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ১ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৩ | ০ | ০ |
| | **মোট** | **১১** | **০** | **০** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

**১। রাঙ্গামাটিঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা টেলিফানে জানান যে, আজ ০৭/১০/২০২০ তারিখ ভোর ০৪.৩০ ঘটিকায় রাঙ্গামাটি জেলার পৌর এলাকার ৪নং ওয়ার্ড পৌরসভা রিজার্ভ বাজার এলাকায় আকস্মিক অগ্নিকান্ডে ৯ টি দোকান ঘর পুড়ে গেছে। তাৎক্ষনিকভাবে ফায়ার সার্ভিসের **১** টি টিম আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে কোন হতাহতের ঘটনা ঘটেনি।

## ট্রলার ডুবি

**১। চট্টগ্রামঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এর কার্যালয়ের স্মারক নং-০৫.৪২.১৫০০.২১১.৯৪.০০৩.২০-৬৬৮; তারিখঃ ০৭/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, গত ০৪/১০/২০২০ খ্রিঃ তারিখ বেলা **১১.০০** ঘটিকায় মহেশখালীর গভীর সমুদ্রে মৎস্য আহরণের সময় শাহী মদিনা নামক ফিশিং বোট ৩৪ জন জেলে নিয়ে নিমজ্জিত হয়। ইতোমধ্যে ২৭ (সাতাশ) জনকে জীবিদ উদ্ধার করা হয়েছে এবং ০৭ (সাত) জন নিখোঁজ রয়েছে। দুর্ঘটনাস্থলে কোষ্টগার্ডের সবুজ বাংলা পেট্রোল জাহাজ নিখোঁজ জেলেদের উদ্ধার তৎপরতা চালাচ্ছেন।

৭-১০-২০২০

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৯৩/১(১৬৬)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭
০৭ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

৭-১০-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা